আদম সন্তানদের মাঝে কি ভাই-বোনে বিবাহ হত?

هل كان أولاد آدم يتزوج الأخ من أخته؟

< Bengali - بنغالي - বাংলা >

আব্দুল্লাহ ইবন আব্দুর রহমান আল-জিবরীন রহ.

عبد الله بن عبد الرحمن الجبرين رحمه الله

অনুবাদক: জাকেরুল্লাহ আবুল খায়ের

সম্পাদক: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

ترجمة: ذاكر الله أبو الخير

مراجعة: د/ أبو بكر محمد زكريا

আদম সন্তানদের মাঝে কি ভাই-বোনে বিবাহ হত?

প্রশ্ন: আমার চাচীর পক্ষ থেকে প্রশ্নটি উত্থাপন করছি। কেননা বিষয়টি তাকে খুবই উৎকণ্ঠিত করে তুলেছে। আর তা হলো মানব প্রজন্মের শুরু প্রসঙ্গে। পবিত্র কুরআনে আল্লাহর নবী আদম আলাইহিস সালামের কথা স্পষ্টাকারে এসেছে। জান্নাত থেকে পৃথিবীতে নেমে আসার কথাও স্পষ্ট বর্ণনায় রয়েছে। তবে আদম ও হাওয়া এ দুজনই যে কেবল মানব প্রজন্মের একমাত্র মাতা-পিতা ছিলেন তার কোনো সুনির্দিষ্ট ব্যাখ্যা নেই। অর্থাৎ তারা দুজনই যদি সে সময়ে কেবল পৃথিবী বক্ষে একমাত্র মানব হয়ে থাকেন, যাদের ছেলে সন্তান ছিল- তা হলে মানব প্রজন্ম তাদের পরে বংশ বিস্তার করল কীভাবে? তবে কি বলব যে সে সময়ে ভাই-বোনে বিবাহ-শাদি বৈধ ছিল এবং এ ধরনের বিবাহ থেকেই সন্তান-সন্ততি জন্ম নিয়েছে?

উত্তর: আল-হামদুলিল্লাহ

আল্লাহ তা'আলা আল-কুরআনে উল্লেখ করেছেন যে সকল মানুষ আদম ও তাঁর স্ত্রীর বংশবিস্তারের ফসল। আল্লাহ তা'আলা বলেন,

﴿يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ ٱتَّقُواْ رَبَّكُمُ ٱلَّذِي خَلَقَكُم مِّن نَّفۡسٖ وَٰحِدَةٖ وَخَلَقَ مِنۡهَا زَوۡجَهَا وَبَثَّ مِنۡهُمَا رِجَالٗا كَثِيرٗا وَنِسَآءٗۚ﴾ [النساء: ١]

"হে মানুষ তোমরা তোমাদের রবকে ভয় কর, যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন এক নফস থেকে। আর তা থেকে সৃষ্টি করেছেন তার স্ত্রীকে এবং তাদের থেকে ছড়িয়ে দিয়েছেন বহু পুরুষ ও নারী"। [সূরা আন-নিসা, আয়াত: ১]

অন্যত্র বলেন,

﴿هُوَ ٱلَّذِي خَلَقَكُم مِّن نَّفۡسٖ وَٰحِدَةٖ وَجَعَلَ مِنۡهَا زَوۡجَهَا لِيَسۡكُنَ إِلَيۡهَاۖ فَلَمَّا تَغَشَّىٰهَا حَمَلَتۡ حَمۡلًا خَفِيفٗا فَمَرَّتۡ بِهِۦۖ﴾ [الاعراف: ١٨٩]

"তিনিই সে সত্তা যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন এক ব্যক্তি থেকে এবং তার থেকে বানিয়েছেন তার সঙ্গিনীকে, যাতে সে তার নিকট প্রশান্তি লাভ করে। অতঃপর যখন সে তার সঙ্গিনীর সাথে মিলিত হলো, তখন সে হালকা গর্ভ ধারণ করল এবং তা নিয়ে চলাফেরা করতে থাকল"। [সূরা আল-আ'রাফ, আয়াত: ১৮৯]

আদম মানব প্রজন্মের পিতা হওয়ার ব্যাপারে এটি একটি স্পষ্ট প্রমাণ। আদম থেকেই মানবজাতির বংশ বিস্তৃত হয়েছে। পৃথিবীতে যত মানুষ রয়েছে আদম ও তার স্ত্রীই তাদের মূল।

হাদীসে এসেছে, আদম ও হাওয়ার গর্ভে প্রতিবার একটি ছেলে ও একটি মেয়ে সন্তান জন্ম নিত। তারা যখন বড় হত, ছেলেকে তার পূর্বে জন্ম নেওয়া মেয়ের সাথে বিয়ে দেওয়া হত এবং মেয়েকে তার পূর্বে জন্ম নেওয়া ছেলের সাথে। এটা তখন বৈধ ছিল, যদিও তারা একই মায়ের সন্তান ছিল। এটা প্রয়োজনের কারণে বৈধ ছিল। তারা যখন সংখ্যায় বেড়ে গেল তখন ভাই-বোনের বিবাহ নিষিদ্ধ বলে ঘোষিত হলো।

আল্লাহই উত্তম জ্ঞানী।